ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৫৭৮

খোয়াই, ৫ জুলাই, ২০২৫

**৯ জুলাই তেলিয়ামুড়া ও খোয়াই মহকুমার**
**বিভিন্ন স্থানে প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক মহড়া**

আগামী ৯ জুলাই খোয়াই জেলার অন্তর্গত তেলিয়ামুড়া ও খোয়াই মহকুমার বিভিন্ন স্থানে প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে। তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামী ব্লকের ৩৬ মাইল, ৪৩ মাইল, কল্যাণপুরের কুচপাড়ায়, তেলিয়ামুড়া দশমীঘাট ও চালিতাবাড়ি এবং খোয়াই মহকুমার দশমীঘাট, নবপাড়া, জামিরা, তুলাশিখর ব্লকের বাচাইবাড়ি এবং বেলফাঙ্গে এই মহড়া অনুষ্ঠিত হবে। ৯ জুলাই সকাল ৭টা ৩০ মিনিট থেকে সকাল ১১টা ১৫ মিনিট পর্যন্ত প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক মহড়া চলবে। এই কর্মসূচিকে সফল করে তুলতে আজ জেলা প্রশাসনের কনফারেন্স হলে অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তীর সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে খোয়াই মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার, তেলিয়ামুড়ার অতিরিক্ত মহকুমা শাসক বিজয় কৃষ্ণ চক্রবর্তী, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. পদ্মরাম জমাতিয়া, স্বাস্থ্য, পূর্ত, শিক্ষা, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, কৃষি ইত্যাদি দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

********